

সরকারকে কঠোর হওয়ার আহ্বান ঢাবি শিক্ষকদের

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

হরতাল-অবরোধের নামে সারাদেশে মানুষ পুড়িয়ে মারার নির্দেশদাতা ও নাশকতাকারীদের বিরুদ্ধে সরকারকে কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহ্বানে প্রতীকী অনশন কর্মসূচি পালন করে তারা এ আহ্বান জানান। বেলা ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত কলা ভবনের সামনে ষটভায়া শিক্ষকরা এই অনশন করেন।

অনশনে যোগ দিতে এসে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমান বলেন, পেট্রোল বোমা মেরে মানুষ হত্যাকারীদের বিরুদ্ধে প্রয়োজনে শক্তি প্রয়োগ করতে হবে। 'কঠিন থেকে কঠিনতম' পদক্ষেপ নিতে হবে। যাতে সাধারণ মানুষকে নিরাপত্তাহীনতা থেকে মুক্তি দেওয়া যায়। ড. মিজানুর রহমান আরও বলেন, রাষ্ট্রের একচেটিয়া শক্তি থাকার কথা। কিন্তু এ ধরনের পেট্রোল বোমা হামলা রাষ্ট্রের একচেটিয়া শক্তিকে অস্বীকার করে এবং রাষ্ট্রের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে।

তিনি বলেন, দেশে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে মানবাধিকার চরম হুমকির সম্মুখীন হয়েছে। মানবাধিকার হুমকির সম্মুখীন হয়েছে সরকারের বাইরের শক্তি দ্বারা। তারা যদি মানবাধিকারকে হুমকির সম্মুখীন করে তাহলে আমরা রাষ্ট্রকে মানবাধিকারের প্রতি সতর্ক দৃষ্টি দিয়ে কঠোর শক্তি প্রয়োগকারী হিসেবে দেখতে চাই।

অনশন কর্মসূচির সভাপতির বক্তব্যে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, দেশব্যাপী যে মানবহত্যা ও সন্ত্রাস চলছে এর নাম রাজনীতি নয়, অপরাধনীতি।

সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক এএসএম মাকসুদ কামাল বলেন, সময় এসেছে এই অপশক্তিকে রুখে দাঁড়ানোর। শিক্ষক সমাজসহ দেশের প্রতিটি নাগরিককে এ সন্ত্রাসের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে।

অনশনে শিক্ষক নেতা অধ্যাপক আখতারুজ্জামান, অধ্যাপক আ ব ম ফারুক, সাবেক তথ্য কমিশনার অধ্যাপক সাদেকা হালিম, অধ্যাপক নিজামুল হক জুইয়া, অধ্যাপক এজেএম শফিউল আলম জুইয়া, অধ্যাপক নাজমা শাহীন, অধ্যাপক মফিজুর রহমানসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের দেড় শতাধিক শিক্ষক অংশ নেন।